

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২১৪৩

আগরতলা, ১১ ডিসেম্বর, ২০২৪

ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড  
জম্পুই ও বুংনাং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের শংসাপত্র অর্জন



জনস্বাস্থ্য কেন্দ্রগুলির স্বাস্থ্য পরিষেবার গুণগত মান বজায় রয়েছে কিনা, তা খতিয়ে দেখতে ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এনকিউএএস) পরিমাপ বা মূল্যায়ন করা হয়। জেলা হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং আয়ুষ্মান আরোগ্য মন্দির(উপ-স্বাস্থ্যকেন্দ্র)সহ সকল স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এনকিউ এ এস) পরিমাপ বা মূল্যায়ন করা হয়ে থাকে। চূড়ান্ত স্তরের মূল্যায়নে কোনও স্বাস্থ্যকেন্দ্র যদি ৭০ শতাংশের বেশি স্কোর করে এবং সমস্ত প্রয়োজনীয় মানদণ্ড পূরণ করে, তবে সেই স্বাস্থ্যকেন্দ্রটি ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এনকিউ এ এস) শংসাপত্র লাভ করেন। ২০২৪-২০২৫ অর্থবর্ষে এমনই ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এনকিউ এ এস) এর শংসাপত্র লাভ করেছে উত্তর ত্রিপুরা জেলার জম্পুই এবং বুংনাং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। উল্লেখ্য জম্পুই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি ১৯৯০ সালে এবং বুংনাং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র টি ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক এই দুটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের স্বাস্থ্য পরিষেবায় গুণমান মূল্যায়নে তাদের শ্রেষ্ঠত্বের স্বীকৃতি স্বরূপ এই ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এনকিউ এ এস) শংসাপত্র প্রদান করেন। জম্পুই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ গুড্ডু দেববর্মা এবং বুংনাং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ অর্ণব দাস কর্মরত রয়েছে। সম্প্রতি এই দুইটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের এক পরিদর্শন দল পরিদর্শন করে গেছেন। এই দুইটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এনকিউ এ এস) এর শংসাপত্র অর্জন করায় ভারপ্রাপ্ত চিকিৎসকগণ স্বাস্থ্যকেন্দ্রের কর্মরত সকল স্বাস্থ্যকর্মীদেরকে অভিনন্দন জানিয়েছেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*